The Asian Age



Dhaka University inaugurated mega project worth Tk 2,841 crore

▸AA Business Desk

Dhaka University (DU) has inaugurated a mega development project worth Tk 2,841 crore. The inauguration ceremony was held on Saturday (January 31) at 3:00 pm at the Nawab Nawab Ali Chowdhury Senate Building of the university.

During the event, the university administration also showcased its major activities and achievements over the past one and a half years since assuming office in the post–mass uprising period.

The event was attended by Vice-Chancellor Professor Dr. Niaz Ahmed Khan, Pro-Vice-Chancellor (Administration) Professor Dr. Sayema Haque Bidisha, Treasurer Professor Dr. Md. Jahangir Alam Chowdhury, Proctor Associate Professor Saifuddin Ahmed, along with deans of various faculties, provosts of all residential halls, and leaders of DUCSU and hall student unions.

Vice-Chancellor Professor Dr. Niaz Ahmed Khan stated that the university administration has accomplished several significant initiatives during the first eighteen months of its tenure.

These include addressing the student housing crisis and ensuring accommodation for first-year female students, improving the university's global ranking by 200 positions, establishing a UNESCO Chair for the first time, expanding resources at the central library, introducing measures to prevent sexual harassment and abuse, modernizing the medical center, providing special facilities for students with disabilities, and strengthening campus security.

He also highlighted the successful organization of the DUCSU election as one of the administration's major achievements. Emphasizing the importance of regular student representation, he said that DUCSU elections would soon be incorporated into the university's official calendar. "Whatever progress we have made has been possible due to collective cooperation.

Dhaka University is a national institution, and the nation must receive its rightful share from it," he added. At the event, an overview of the five-year mega project—worth BDT 28.41 billion—was presented through a projector. Under the project, a total of 31 multi-storey buildings will be constructed.

This includes the demolition of old structures and construction of new high-rise buildings for six male student halls and four female student halls. The project also covers the modernization of administrative buildings, the construction of a central mosque in Ottoman architectural style to be transformed into a cultural center, and the renovation of the central library and the DUCSU building.

Responding to a question on the introduction of a teacher evaluation system, the Vice-Chancellor said that the initiative is nearing implementation. DUCSU is actively working on the matter, and a syndicate committee has already been formed to oversee the process.

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

১৯ মাঘ ১৪৩২

DU in Media

02 February 2026

The Bangladesh Today



On the occasion of the Great Martyrs' Day and International Mother Language Day, a language march was launched from the foothills of Aparajeyo Bangla on Sunday at the initiative of the Department of Linguistics, Dhaka University. Photo: Courtesy

রুপালী বাংলাদেশ



Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

The New Age



Dhaka University pro-vice-chancellor Professor Sayema Haque Bidisha addresses a rally jointly organised by the department of World Religions and Culture and the Centre for Interreligious and Intercultural Dialogue, marking World Interfaith Harmony Week at the base of the Aparajeya Bangla on the campus on Sunday. — Focus Bangla photo

আজকালের খবর



ঢাবি ক্যাম্পাসে আন্তঃধর্মীয় সম্প্রীতি র‍্যালি

বিশ্ব আন্তঃধর্মীয় সম্প্রীতি সপ্তাহ উপলক্ষে গতকাল রবিবার অপরাজেয় বাংলার পাদদেশ থেকে এক আন্তঃধর্মীয় সম্প্রীতি র‍্যালি বের করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা প্রধান অতিথি হিসেবে এই র‍্যালি উদ্বোধন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তঃধর্মীয় ও আন্তঃসাংস্কৃতিক সংলাপ কেন্দ্র এবং বিশ্বধর্ম ও সংস্কৃতি বিভাগের যৌথ উদ্যোগে এই র‍্যালি বের করা হয়। কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান, আন্তঃধর্মীয় ও আন্তঃসাংস্কৃতিক সংলাপ কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ ইলিয়াছ, বিশ্বধর্ম ও সংস্কৃতি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আবু সায়েম, অবসরপ্রাপ্ত অধ্যাপক কাজী নুরুল ইসলামসহ বিভাগীয় শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ র‍্যালিতে অংশ নেন। প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা সমাজে আন্তঃধর্মীয় সম্প্রীতি প্রতিষ্ঠার উপর গুরুত্বারোপ করে বলেন, অসাম্প্রদায়িক, মানবিক ও বৈষম্যহীন সমাজ বিনির্মাণে সকলকে নিজ নিজ অবস্থান থেকে কাজ করতে হবে। সম্প্রীতির বন্ধনে আবদ্ধ থেকে জ্ঞানসমৃদ্ধ প্রজন্ম হিসেবে নিজেদের গড়ে তোলার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। বিজ্ঞপ্তি

কালের কণ্ঠ



বিশ্ব আন্তর্ধর্মীয় সম্প্রীতি সপ্তাহ উপলক্ষে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শোভাযাত্রা বের করে বিশ্বধর্ম ও সংস্কৃতি বিভাগ। ছবি : কালের কণ্ঠ

মানবকণ্ঠ



গতকাল বিশ্ব হিজাব দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে হিজাব র‍্যালি অনুষ্ঠিত হয় —মানবকণ্ঠ

ডাকসুর উদ্যোগে ঢাবিতে বিশ্ব হিজাব দিবস পালন

১২০০ শিক্ষার্থীকে ফ্রি হিজাব বিতরণ

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) উদ্যোগে বিশ্ব হিজাব দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) সেমিনার, হিজাব র‍্যালি ও মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। কর্মসূচির অংশ হিসেবে গতকাল রবিবার বেলা ২টায় ডাকসুর কমনরুম, রিডিংরুম ও ক্যাফেটেরিয়া সম্পাদক উম্মে সালমা, কার্যনির্বাহী সদস্য সাবিকুন্নাহার তামান্না ও উম্মে উসওয়াতুন রাফিয়ার নেতৃত্বে একটি হিজাব র‍্যালি বের করা হয়। র‍্যালিটি বিশ্ববিদ্যালয়ের ভিসি চত্বর থেকে শুরু হয়ে টিএসসি প্রাঙ্গণে রাজু ভাস্কর্যের সামনে এসে শেষ হয়। র‍্যালিতে শিক্ষার্থীরা 'নারায়ে তাকবির, আল্লাহু আকবার', 'হিজাব আমার অধিকার, কেড়ে নেয়ার সাধ্য কার', 'ফ্রম দা রিভার টু দা সি, প্যালেস্টাইন উইল বি ফ্রি'সহ বিভিন্ন স্লোগান দেন। পরে বেলা আড়াইটার পর টিএসসি প্রাঙ্গণে রাজু ভাস্কর্যের সামনে এক মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে বক্তারা বলেন, হিজাব কেবল একটি পোশাক নয়, এটি অনেক শিক্ষার্থীর ধর্মীয় বিশ্বাস, ব্যক্তিগত পরিচয় ও আত্মমর্যাদার অবিচ্ছেদ্য অংশ। সাম্প্রতিক সময়ে হিজাব পরিহিত মা ও বোনদের নানাভাবে হয়রানির শিকার হতে হচ্ছে। এটি অত্যন্ত উদ্বেগজনক ও নিন্দনীয়। ঢাকা বিশ্ববিদ্যালয়সহ সারাদেশে হিজাবি নারীদের প্রতি যে অবমাননাকর আচরণ ও হয়রানির ঘটনা ঘটেছে, এমন ঘটনা কোনোভাবেই কাম্য নয়। বক্তারা এসব ঘটনার সুষ্ঠু তদন্ত ও দোষীদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।

বিকেল ৩টার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি অডিটরিয়ামে সেমিনার অনুষ্ঠিত হয়। এতে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন তারাবিয়াহ এডুকেশন নেটওয়ার্কের চেয়ারম্যান প্রফেসর মোশতাক আহমাদ, শিক্ষক ও গবেষক ড. নাজমুন নাঈম, আল সাহওয়া ইনস্টিটিউট অব নলেজের পরিচালক রাইসা রিফাত জুইন।

সেমিনারে বক্তারা হিজাবের ধর্মীয়, সামাজিক ও নৈতিক গুরুত্ব তুলে ধরেন এবং সেই সঙ্গে হিজাব নারীর মর্যাদা, পরিচয় ও ব্যক্তিস্বাধীনতার প্রতীক সেটিও উল্লেখ করেন। এছাড়াও সমাজে পারস্পরিক শ্রদ্ধা, সহনশীলতা ও ধর্মীয় অধিকার রক্ষায় হিজাবের গুরুত্ব অপরিসীম বলেও আলোচনা করেন বক্তারা। সেমিনারে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক ও প্রায় ২ হাজার শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

ডাকসুর ভিপি সাদিক কায়েমের সভাপতিত্বে সেমিনারে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সম্মিলিত নারী প্রয়াসের সভানেত্রী ও শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক শামীমা তাসনীম, রাষ্ট্রবিজ্ঞানী ও ইন্টারন্যাশনাল ইসলামিক ইউনিভার্সিটি মালয়েশিয়ার ফেলো গবেষণা ফেলো সুমাইয়া রাবেয়া এবং ডাকসুর কমনরুম, রিডিংরুম ও ক্যাফেটেরিয়া সম্পাদক উম্মে সালমা।

ভোরের আকাশ



নতুন-পুরোনো সিনেমা নিয়ে ঢাবিতে চলচ্চিত্র উৎসব

■ বিনোদন প্রতিবেদন

গত মাসে অনুষ্ঠিত হয়েছে ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের ২৪তম আসর। এবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে শুরু হচ্ছে 'আমার ভাষার চলচ্চিত্র উৎসব'-এর ২৪তম আসর। ৩ ফেব্রুয়ারি থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রে (টিএসসি) শুরু হচ্ছে 'আমার ভাষার চলচ্চিত্র উৎসব ১৪৩২'। এবারের উৎসব সাজানো হয়েছে নতুন ও পুরোনো বাংলাদেশি সিনেমা দিয়ে। 'মেঘের অনেক রঙ', 'বেদের মেয়ে জোসনা', 'দেয়া নেয়া'র মতো কালজয়ী পুরোনো সিনেমার সঙ্গে এবারের উৎসবে দেখা যাবে 'তাণ্ডব' ও 'উৎসব'-এর মতো নতুন সিনেমা। এমনকি হলে মুক্তির অপেক্ষায় থাকা সিনেমাও আছে এই উৎসবে। পাঁচ দিনব্যাপী এই উৎসবে ২০টি পূর্ণদৈর্ঘ্য বাংলা সিনেমার সঙ্গে প্রদর্শিত হবে তিনটি স্বল্পদৈর্ঘ্য সিনেমা।

৩ ফেব্রুয়ারি আহমেদ হাসান সানির 'এখানে রাজনৈতিক আলাপ জরুরি' দিয়ে শুরু হবে উৎসব। এটি প্রদর্শিত হবে সন্ধ্যা ৬টা ৩০ মিনিটে। উদ্বোধনী দিন বাদে উৎসব চলাকালীন প্রতিদিন সকাল ১০টা, দুপুর সাড়ে ১২টা, বেলা সাড়ে ৩টা ও সন্ধ্যা ৬টা ৩০ মিনিটে প্রদর্শিত হবে সিনেমা।

দ্বিতীয় দিন ৪ ফেব্রুয়ারি দেখা যাবে 'দেয়া নেয়া', 'সূর্যকন্যা', 'চক্কর ৩০২' এবং 'তাণ্ডব'। ৫ ফেব্রুয়ারি প্রদর্শিত হবে 'রূপবান', 'দ্য লাস্ট ঠাকুর', 'জয়া আর শারমিন' এবং সদ্য শেষ হওয়া ঢাকা চলচ্চিত্র উৎসবের বাংলাদেশ প্যানোরামা বিভাগে নির্বাচিত সেরা সিনেমা 'দ্য ইউনিভার্সিটি অব চানখারপুল'। সিনেমাটি হলে মুক্তির অপেক্ষায় আছে।

৬ ফেব্রুয়ারি রয়েছে 'মেঘের অনেক রঙ', 'বেদের মেয়ে জোসনা', 'নীলচক্র' এবং 'অন্যদিন'। ৭ ফেব্রুয়ারি দেখা যাবে, 'হারমোনিয়াম', 'মুক্তির গান', 'এশা মার্ডার' এবং গত বছরের আলোচিত সিনেমা 'উৎসব'। উৎসবের শেষ দিন ৮ ফেব্রুয়ারি সকাল ১০টায় প্রদর্শিত হবে 'নয়নের আলো', দুপুর ১২টা ৩০ মিনিটে 'ধর'। এদিন ৩টা ৩০ মিনিট থেকে প্রদর্শিত হবে তিনটি স্বল্পদৈর্ঘ্য সিনেমা, 'ময়া: দ্য লেম উইল কল', 'জন্ম থেকে জ্বলছি' এবং 'ধ্যাৎ'। উৎসব শেষ হবে পশ্চিমবঙ্গের আলোচিত সিনেমা 'দ্য অ্যাকাডেমি অব ফাইন আর্টস' দিয়ে।

সিনেমার টিকিটের দাম নির্ধারণ করা হয়েছে ৫০ টাকা। টিকিট পাওয়া যাবে প্রতিদিন সকাল ৯টা থেকে টিএসসির প্রবেশমুখে।